



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ বেতার

সদর দপ্তর

৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,  
আগারগাঁও, ঢাকা-১২০৭।

[www.betar.gov.bd](http://www.betar.gov.bd)

২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০২৭.৩৮.০০১.২২.২৮

**বিষয়: মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ২০০ তম জন্মবার্ষিকী ও মধুমেলা ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠান বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্র থেকে সরাসরি সম্প্রচার।**

সূত্র: বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের ১৫-০১-২০২৪ তারিখের পত্র নম্বর-১৫.৫৩.৪৭০০.১০৬.৯৯.০০১.২৩-৬৯২

আগামী ১৯ জানুয়ারি ২০২৪ তারিখ শুক্রবার বিকাল ৩:০০ টায় যশোরের কেশবপুর উপজেলার সাগরদাড়ি মাইকেল মধুসূদন ইনস্টিটিউশনে মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ২০০ তম জন্মবার্ষিকী ও মধুমেলা ২০২৪ উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানটি বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের মধ্যম তরঙ্গ ৫৫৮ কিলোহার্জ ও এফএম ৯০ মেগাহার্জ হতে সরাসরি সম্প্রচার হবে।

২। উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা, মাইকেল মধুসূদন ইনস্টিটিউশনে দুইটি (০২) টেলিফোন লাইন (ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন লাইনের ব্যয় ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা বহন করবেন।

৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা অনুষ্ঠানটি মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন থেকে প্রচারের ব্যবস্থাসহ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করবেন। বর্ণিত অনুষ্ঠানের সময়সূচিতে কোনরূপ পরিবর্তনের বিষয়ে খুলনা জেলা প্রশাসক, এর সাথে সার্বক্ষণিক যোগাযোগপূর্বক যথাসময়ে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনায় অনুষ্ঠিতব্য মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ২০০ তম জন্মবার্ষিকী ও মধুমেলা ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত উদ্বোধন অনুষ্ঠানটি প্রচারের সঙ্গে সম্পর্কিত সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ অনুষ্ঠান প্রচারের পূর্বে ঘোষণা/ প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট সকলের প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ বর্ণিত অনুষ্ঠান যথাযথভাবে প্রচার নিশ্চিত করবেন।

৫। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন থেকে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৬। উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটার গুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৭। উক্ত অনুষ্ঠান প্রচারকালীন ফিলার হিসেবে অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।

৮। অনুষ্ঠান প্রচারের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের কমপক্ষে ২ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠান স্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৯। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনা প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব পালন করবেন।

১১। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

LL

১৬-০১-২০২৪

মোঃ ছালাহ উদ্দিন

অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:

০২-৪৪৮১৩০৬৭

adgprogramme@gmail.com

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা।

স্মারক নম্বর:

২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২। জেলা প্রশাসক, খুলনা;
- ৩। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, খুলনা;
- ৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা;
- ৫। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ঢাকা;
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৭। নথি।



স্বাক্ষর

১৬-০১-২০২৪

কামাল আহমেদ

উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন: ০২-৪৪৮১৩০২৯